



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
চৌগাছা, যশোর।
ই-মেল নং- chowgacha@uhfpo.dghs.gov.bd

*** স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী।

- সভাপতিঃ নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।
- তারিখঃ- ১৮/০৭/২০২১
- স্থানঃ সভাকক্ষ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চৌগাছা, যশোর।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। ডেঙ্গু বিষয়ে আলোচনা।
- ২। হাসপাতালের জনবল সম্পর্কে আলোচনা।
- ৩। বজ্য ব্যবস্থাপনা।
- ৪। কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে আলোচনা।
- ৫। বিবিধ সমূহ।

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ-

| ক্রমিক নং | নাম | পদবী |
|-----------|---|------------|
| ১। | নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর। | সভাপতি |
| ২। | মোঃ রফিকুল ইসলাম, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, চৌগাছা-যশোর। | সদস্য |
| ৩। | মোঃ সাদুল আনাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর। | সদস্য |
| ৪। | মোছাঃ উম্মে সালমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চৌগাছা-যশোর। | সদস্য |
| ৫। | ফেরদৌসী খাতুন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চৌগাছা-যশোর। | সদস্য |
| ৬। | ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর। | সদস্য-সচিব |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেনঃ-

| বিষয় | আলোচ্য ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|--------------------------------|---|--------------------------------|
| (১) ডেঙ্গু বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে ডেঙ্গু বিষয়ে জানতে চেলে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার বলেন বর্তমান ডেঙ্গু যে প্রভাব পড়েছে সামনের দিনগুলোতে এর আরো বিস্তার লাভ করতে পারে। এই প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন এখন থেকেই এর নিয়ন্ত্রনের লক্ষ্যে কাজ করতে হবে। সদস্য সচিব বলেন গত বছর যে সমস্ত জায়গা গুলোতে ডেঙ্গুর প্রভাব বেশি পড়েছিল সেই এলাকা গুলো আমি জানিয়ে দিচ্ছি এই অনুযায়ী যদি পৌরসভা থেকে পদক্ষেপ নেওয়া হয় তাহলে হয়তো ডেঙ্গু নিয়ন্ত্রন করা বা জনগনের মধ্যে আরো সচেতন বৃদ্ধি করা সম্ভব। | UHFPO পদবী সদস্য সচিব |

সদস্য
সদস্য
সচিব

| | | |
|--|---|---------------|
| <p>(২) হাসপাতালের জনবল সম্পর্কে আলোচনা</p> | <p>সভাকক্ষে হাসপাতালের UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দুতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। অথচ হাসপাতালের বিভিন্ন মঞ্জুরী কৃত পদে অনেক লোকবল গুণ্য থাকায় স্বাস্থ্য সেবা সঠিক ভাবে দেয়া খুবই কষ্টকর এবং অতিরিক্ত লোক সমাগমের কারনে হাসপাতাল পরিষ্কার রাখা খুবই দুঃসাধ্য হয়ে উঠেছে। সেই কারনে মঞ্জুর কৃত পদের বিপরীতে লোক পদায়ন এবং অতিরিক্ত আয়া ঝাড়ুদার ও স্বেচ্ছা-সেবী হিসাবে স্থানীয় ভাবে নিয়োগ দেওয়ার প্রয়োজন। এই বিষয়ে সভাপতি মহোদয় সহ উপস্থিত সকল সদস্য প্রস্তাবটি সমর্থন করেন।</p> | <p>সভাপতি</p> |
| <p>(৩) ১০০ শয্যায় উন্নীতকরন।</p> | <p>সদস্য সচিব সভাপতির উদ্দেশ্যে বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দুতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। যার ফলে হাসপাতালের ১০০ শয্যায় উন্নীত না হওয়া পর্যন্ত রোগীদের সেবা দিতে একটু কষ্টসাধ্য দেখা দিচ্ছে। ইতি মধ্যেই ১০০ শয্যার কাজ প্রায় শুরু হয়ে গেছে। এই কথা শুনে সভাপতি মহোদয় UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার কে ধন্যবাদ জানান এবং সাবিক সহযোগীতা করার আশ্বাস ব্যক্ত করেন।</p> | <p>সভাপতি</p> |
| <p>(৪) কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে</p> | <p>সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন আমরা অনেক চেষ্টার মাধ্যমে কোভিড-১৯ ভ্যাক্সিন পেতে যাচ্ছি। স্টেফ বাই স্টেফ সবাইকে এই ভ্যাক্সিন দিতে হবে তাই অবিলম্বে জনগনের মধ্যে প্রচার ও মাইকিং করতে হবে। UHFPO বলেন আমাদের মধ্যে কোন প্রকার ত্রুটি থাকবে না এতটুকু বিশ্বাস রাখতে পারেন।</p> | <p>UHFPO</p> |
| <p>(৫) বিবিধ সমুহ</p> | <p>সভাপতি মহোদয় স্থায়ী কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপস্থিত সকলের উদ্দেশ্য বলেন যে, চৌগাছা মডেল উপজেলা হাসপাতালের সুনাম ধরে রাখার জন্য হাসপাতালের কর্মরত কর্মকর্তা কর্মচারিকে আন্তরিক ভাবে ধৈর্য ধারণ মাধ্যমে সেবার কাজ চালিয়ে যেতে হবে যেমন পিতা, মাতা অসুস্থ হলে যে দৃষ্টিতে দেখা হয় ঠিক তেমনি রোগীকে দেখতে হবে এবং সবাই কে শৃংখলা মেনে চলতে হবে। হাসপাতালে কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে তার জন্য চৌগাছা বাসিকে সার্বিক সহযোগীতা প্রদানের লক্ষ্যে কাজ করতে হবে।</p> | <p>সভাপতি</p> |

***পরিশেষে বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আরো আন্তরিক ভাবে তৎপর থাকার আহবান জানিয়ে এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল হোসেন
“ সভাপতি ”